

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ : ৩০/০৯/২০২০ খ্রিস্টাব্দ

সময় : সকাল ১১:০০ টা

সভাপতি : মোহাম্মদ জয়নুল বারী, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

ভার্চুয়াল সভায় সংযুক্ত সকলকে সভাপতি কর্তৃক স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, সোনার বাংলা গড়ার প্রত্যয়ে 'জাতীয় শুদ্ধাচার কৌশল' সরকারের একটি যুগোপযোগী পদক্ষেপ। এ শুদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব স্ব কর্ম সম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। সভাপতির নির্দেশ মোতাবেক অতিরিক্ত সচিব (প্রশাসন) আলোচ্য বিষয় সভায় উপস্থাপন করেন।


০২. আলোচ্য বিষয়ের ওপর বিস্তারিত আলোচনা করা হল। সভায় মন্ত্রণালয়ের উত্তমচর্চার একটি তালিকা ভার্চুয়াল পদ্ধতিতে দেখানো হয়। উত্তমচর্চার তালিকাভুক্ত বিষয় আংশিক সংশোধন করা হয়।

০৩. বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

(১) মন্ত্রণালয় কর্তৃক গৃহীত উত্তমচর্চার সংশোধিত তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে ; এবং

(২) মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ উত্তমচর্চাসমূহের যথাযথ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণসহ উত্তমচর্চার তালিকা অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যবস্থাপনা) এর ই-মেইলে প্রেরণ করতে হবে।

০৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৪.১০.২০২০
(মোহাম্মদ জয়নুল বারী)
সচিব